



24

১০

ডাকসু নির্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদের একটি প্যানেল হচ্ছে

(স্টাফ রিপোর্টার)

কেন্দ্রীয় ছাত্রসংগ্রাম পরিষদ ডাকসুতে একাব্যবধাবে নির্বাচন করার চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে। গতকাল ডাকসু অফিসে পরিষদের এক সভায় এই সিদ্ধান্ত হয়।

পরিষদ সন্তোষিত হয়ে ডাকসু নির্বাচনে পদ বন্টন নিয়ে পরিষদ ভুক্ত কয়েকটি সংগঠনের মাঝে যে মতপার্থক্য সৃষ্টি হয়েছিল গত দু'দিন পরে বৈঠকের পর তার অবসান ঘটেছে। ছাত্র সংগঠনের জোটের বাইরে যে সকল ছাত্র সংগঠন পৃথকভাবে মনোনয়নপত্র পেশ করেছিল তারা তা প্রত্যাহার করে নেবে। ডাকসুর প্রধান তিনটি পদে ইতিপূর্বেকার মনোনয়ন ঠিক

রেখে বাকী পদগুলোর কয়েকটিতে বদল ঘটানো হবে। অর্থাৎ প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিনে এ বদল ঘটিয়ে পরিষদভুক্ত সংগঠন গুলোর মাঝে সমন্বয় সাধন করা হবে বলে সূত্র জানায়।

উল্লেখ্য পরিষদভুক্ত সংগঠন গুলোর কয়েকটি মোচা গঠন করে এবং কয়েকটি সংগঠন পৃথকভাবে ডাকসুতে মনোনয়নপত্র পেশ করে।

হল সংসদেও সংগ্রাম পরিষদ একাব্যবধাবে নির্বাচন করার সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে।

ইতিপূর্বে সংগ্রাম পরিষদের (শেষ পঃ ২-এর কঃ দ্রঃ)

ডাকসু নির্বাচন

(প্রথম পৃঃ পর)

পক্ষ থেকে ডাকসুতে চারটি প্যানেল জমা পড়ে। গতকালের সভার সিদ্ধান্তের পর ডাকসুতে এখন কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের একটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করবে।

সংগ্রাম পরিষদ সোমবার ডাকা বিশ্ববিদ্যালয়ে সমাবেশ করার সিদ্ধান্ত নিয়েছে।

নির্বাচনী প্রচারণা এদিকে বিভিন্ন সংগঠনের ডাকসু নির্বাচনী প্রচারণা জমে উঠেছে। গতকালও বিভিন্ন প্যানেলের সমর্থনে ক্যাম্পাসে মিছিল হয়। জাতীয়তাবাদী ছাত্রদলের একটি মিছিল কলা ভবন এলাকা প্রদক্ষিণ করে। মোহাম্মেজনের দুই ফুটবলার কায়সার হামিদ এবং মানিকের সমর্থনে পর পর দুটি মিছিল হয়। কায়সার হামিদ ডাকসুতে ছাত্রদলের ক্রীড়া সম্পাদক পদে প্রার্থী হয়েছেন। মানিক একই পদে ছাত্র সংগ্রাম পরিষদের প্রার্থী।

শিবিরের মিছিলে যাওয়া ইসলামী ছাত্রশিবির (মামসুল) ডাকসুতে তাদের প্যানেলের সমর্থনে গতকাল সকালে কলা ভবন প্রাঙ্গণে একটি মিছিল বের করে। এ সময় একদল ছাত্র মিছিলটিকে ধাওয়া করলে মিছিল ছত্রভঙ্গ হয়ে যায়।

ছাত্রশিবির এক বিবৃতিতে অভিযোগ করে যে শিবিরের শান্তিপূর্ণ মিছিলে ছাত্র সংগ্রাম পরিষদের কর্মীরা বিনা উস্কানীতে হামলা চালায়। এতে ১০ জন কর্মী আহত হয় বলে উল্লেখ করা হয়। এ হামলার প্রতিবাদে শিবিরের উদ্যোগে পরে প্রেসক্লাবের সামনে একটি সভা হয়।